



খুলনায় পুলিশ ক্যাম্পের বাথরুমে কনস্টেবলের বুলন্ত মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

খুলনার রূপসা উপজেলার শিয়ালী পুলিশ ক্যাম্পে এক কনস্টেবলের বুলন্ত মরদেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য তৈরি হয়েছে। শুক্রবার (৫ ডিসেম্বর) গভীর রাতে ক্যাম্পের বাথরুম থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত কনস্টেবল ফেরদৌস হোসেনের বয়স ২৭ বছর। তিনি যশোর সদর উপজেলার জগন্নাথপুর গ্রামের গোলাম মোস্তফার ছেলে। শিয়ালী পুলিশ ক্যাম্পে কনস্টেবল (নম্বর-১১৬৪) হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

পুলিশ সূত্রে জানা যায়, সন্ধ্যার পর থেকে ফেরদৌসকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছিল না। সহকর্মীরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তাকে না পেয়ে উদ্ভিগ্ন হয়ে ওঠেন। পরে রাতের দিকে ক্যাম্পের বাথরুমে সিলিং থেকে বুলন্ত অবস্থায় তাকে দেখতে পাওয়া যায়। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রূপসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাহফুজুর রহমান জানান, মৃত্যুর কারণ তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। তিনি বলেন, “ঘটনাটি অত্যন্ত সংবেদনশীল। কীভাবে তার মৃত্যু হয়েছে, তা জানতে তদন্ত শুরু হয়েছে। মরদেহটি ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।”

ঘটনাটি নিয়ে পুলিশের অভ্যন্তরে শোকের ছায়া নেমে এসেছে। তবে এটি আত্মহত্যা নাকি অন্য কোনো কারণ তা জানতে তদন্ত সম্পন্ন না হওয়া পর্যন্ত পুলিশ কিছু বলতে রাজি নয়।